দৈনিক ইনকিলাব

তারিখ SEP. 6 1999
পৃষ্ঠা ৭ কলাম 2

106

## মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের সমীপে

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী, মাননীয় উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) সাহেবের ৩-৬-৯৯ তারিখের ৯৪৩/৫-প স্মারক আদেশ মোতাবেক সিরাজগঞ্জ জেলার অন্তর্গত বেলকুচি থানাধীন নব প্রতিষ্ঠিত চন্দনগাতী নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ছাত্রী ভর্তি তথা পাঠদান কার্যক্রমের অনুমতি যা ১৯৯৯ সনের ০১-০১-৯৯ তারিখ হতে কার্যকরীর আদেশ প্রদান করা হয়েছে। উক্ত আদেশ মোতাবেক ভর্তিসহ পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। উল্লেখ্য যে, বোর্ড হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের মনোনীত কর্মকর্তা ৩১-০৩-৯৯ তারিখের ৪৮/১৬ সাঃ মূলে ভ্রমণ সূচী দ্বারা বিদ্যালয় আগমন পূর্বক সরজমিনে বিদ্যালয় গৃহ, আসবাবপত্র, শিক্ষক-শিক্ষিকা, ছাত্রী তথা জমি-জমার কাগজপত্রসহ আনুষঙ্গিক রেজিস্টারাদি নিরীক্ষান্তে ৩১-৫-৯৯ তারিখের সন্তোষজনক প্রতিবেদন অনুযায়ী উক্ত স্মারকে ছাত্রী ভর্তির আদেশ প্রাপ্ত হওয়া সম্ভব হয়েছে। কিন্তু দুঃখের বিষয় এই যে, বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্রীগণ উপবৃত্তি পাওয়ার সুযোগ-সুবিধা হতে বঞ্চিত। সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করে জানা যায়, এই বিদ্যালয়ের ছাত্রীগণ উপবৃত্তি পাওয়ার যোগ্য নয়। যদি তাই সত্য হয়, তবে দরিদ্র পিতা-মাতার মেয়ে অত্র বিদ্যালয় ছাত্রীগণ সরকার প্রদত্ত উপবৃত্তি লাভে বঞ্চিত হওয়ার কারণে তাদের পড়াশুনার প্রতি অনীহা সৃষ্টি হবে। বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের অনুকূল কৃপাদৃষ্টি সবিনয় কামনা করছি।

—মোজাম্মেল হক চন্দনী, উদ্যোক্তা ও ছাত্রী অভিভাবক, চন্দনগাতী, বেলকুচি, সিরাজগঞ্জ।